

# Launch of India-Bhutan Satellite

November 26, 2022

## ভারত-ভূটান কৃত্রিম উপগ্রহ উৎক্ষেপণ

নভেম্বর 26, 2022

ভারত এবং ভূটান দ্বারা যৌথভাবে নির্মিত ভারত-ভূটান স্যাটকে ইসরোর পোলার স্যাটেলাইট লঞ্চ ভেহিকেল (পিএসএলভি)-র সাহায্যে মহাকাশে প্রেরণ করা হয়েছে। পিএসএলভি সি 54, ভারতের ভূ পর্যবেক্ষণ স্যাটেলাইট - 06 এবং অন্যান্য স্যাটেলাইট সহ ভারত-ভূটান স্যাট বহন করে সতীশ ধাওয়ান মহাকাশ কেন্দ্র, হরিকোটা, ভারত থেকে মহাকাশে পাড়ি দিয়েছে।

2. ভারত-ভূটান স্যাটেলাইট উৎক্ষেপণের সাক্ষী থাকার জন্য ভূটানের তথ্য ও যোগাযোগ মন্ত্রী হিজ এম্ব্লেসি লিওনপো কার্মা ডোনেন ওয়াংডি-র নেতৃত্বে একটি উচ্চপর্যায়ের প্রতিনিধি দল বিশেষভাবে উপস্থিত ছিলেন। 18 জন সদস্যের এক ভূটানি সংবাদ প্রতিনিধি দল যারা এক সম্ভাব্যাপী পরিচয় সফরে ভারতে রয়েছে তারাও ভারত-ভূটান স্যাট উৎক্ষেপণের সাক্ষী থাকতে শ্রী হরিকোটায় উপস্থিত ছিলেন।

3. ভারত ভূটানি ইঞ্জিনিয়ারদের ইউ আর রাও স্যাটেলাইট সেন্টার বেঙ্গালুরুতে স্যাটেলাইট নির্মাণ ও পরীক্ষার পাশাপাশি স্যাটেলাইট ডেটা প্রক্রিয়াকরণ এবং বিশ্লেষণে ক্ষমতা নির্মাণে কাজে হাতে কলমে প্রশিক্ষণ দিয়েছে। এটি ভূটানের স্যাটেলাইটের যৌথ বিকাশের সমাপন ঘটায়, যেটিকে আজ উৎক্ষেপণ করা হয়েছে।

4. ভারত-ভূটান স্যাটটি ভূটানের প্রাকৃতিক সম্পদের হাই রেজোলিউশন প্রতিচ্ছবি প্রেরণ করবে।

5. এটি স্মরণ করা যেতে পারে যে, 2019 সালের অগাস্ট মাসে প্রধানমন্ত্রী মোদীর ভূটান সফরকালে দুই পক্ষ যুগ্মভাবে ইসরোর সহায়তায় থিম্ফুতে নির্মিত দক্ষিণ এশিয়া স্যাটেলাইটের গ্রাউন্ড আর্থ স্টেশনের উদ্বোধন করেছিলেন।

নিউ দিল্লি

নভেম্বর 26, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.